দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

SEP 12 2002

# চট্টগ্রামে দু'টি ছাত্র সংগঠনের নয়া নেতৃত্ব প্রতিষ্ঠার উদ্যোগ

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রামে ঝিমিয়ে পড়া ছাত্র রাজনীতিকে চাঙ্গা করতে এবং নবীন ও প্রকৃত ছাত্রদের নেতৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে দু'টি বড় রাজনৈতিক দলের পক্ষ থেকে জোর প্রচেষ্টা শুরু হয়েছে। দীর্ঘদিন ধরে ছাত্রলীগ ছাত্রদলের চট্টগ্রাম মহানগর এবং অন্যান্য জেলা শাখার নতুন কমিটি না হওয়ায় প্রকৃত অর্থে এ দু'টি সংগঠনের ছাত্র রাজনীতি স্থবির হয়ে পড়েছে। প্রায় ১ যুগ পূর্বে নগর ছাত্রলীগ ও ছাত্রদলের কমিটি গঠিত হওয়ার পর ছাত্রদলের কমিটি থাকলেও ছাত্রলীগের কোন সাংগঠনিক কমিটি নেই। ঐ সময়ে নগর ছাত্র-লীগের মফিজুর রহমানকে সভাপতি এবং আবদুর রহিমকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়। কিন্তু সভাপতি ও সাধারণ সম্পাদক নগর আওয়ামী লীগের ভিন্ন ভিন্ন গ্রুপের সমথক হওয়ায় মাঝ পথে উক্ত কমিটির এক প্রকার বিলুপ্ত ঘটে। ২০০০ সালের ১২ জুলাই ছাত্রলীগের এক গ্রুপের ৮ নেতাকর্মী শিবির ক্যাডারদের হাতে নির্মমভাবে নিহত হওয়ার পর তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে সকল গ্রুপের সদস্যদের নিয়ে ১২ সদস্যের নগর স্টিয়ারিং কমিটি গঠন করা হয়। কিন্তু কিছুদিন স্টিয়ারিং কমিটি ঐক্যবদ্ধভাবে কাজ করলেও এক পর্যায়ে তাদের কার্যক্রম মুখ থুবড়ে পড়ে। বর্তমান সরকার ক্ষমতায়

( ৮ম পৃঃ দ্রঃ )

## চট্টগ্রামে ছাত্র সংগঠনে

(৭ম পৃঃ পর)

আসার পর ষ্টিয়ারিং কমিটির অ
কাংশ সদস্যই আত্মগোপন কর
আবার অনেকে বিভিন্ন অ
যোগে পুলিশ কর্তৃক আটক হ
জেলখানায় রয়েছে। এমতাবস্থ
সম্প্রতি চট্টগ্রাম মহানগর, উ
ও দক্ষিণ জেলা ছাত্রলীগের ন
কমিটি গঠন এবং সরকার বিরো
আন্দোলনে ছাত্রলীগের সম্পৃ
করার লক্ষ্যে আওয়ামী লীগে
একটি প্রতিনিধি দল চট্টগ্রামে সফ
করেছেন। তার ফলশ্রুতিতে গ
সপ্তাহে চট্টগ্রাম উত্তর জেলা ছা
লীগের কমিটি গঠন করা হয়েছে
ছাত্রলীগের সংশ্লিষ্টসূত্র জানা
আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলেছে
শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক এবং প্রকৃ
ছাত্ররাই যাতে ছাত্র সংগঠনে
নেতৃত্বে আসে সে লক্ষ্যকেই সামনে
রেখে প্রতিটি কমিটি গঠন কর
হবে।

ঐ একই সময়ে নাজিমুর রহ
মানকে সভাপতি ও মোহাম্ম
আলীকে সাধারণ সম্পাদক কর
নগর ছাত্রদলের কমিটি গঠন কর
হয়। বিগত আওয়ামী লীগ সরক
বিরোধী আন্দোলনের সময় মোহা
ম্মদ আলী নিষ্ক্রিয় হয়ে পড়ায় আ
ইউ চৌধুরী শাহীনকে সাধার
সম্পাদক করা হয়। দীর্ঘদিন ধরে
কমিটি অব্যাহত থাকায় নতুন নেতৃ
প্রতিষ্ঠার পথ রুদ্ধ হয়ে পড়ে
এ কমিটির বেশিরভাগই ব্যবসা
বাণিজ্য ও সংসার জীবনে ঝুঁকে
পড়ায় নতুন নেতৃত্ব গঠন জরুরি
হয়ে পড়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়
ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি গঠনের
পর পরই ছাত্রদলের কমিটি গঠনে
উদ্যোগ নেয়া হবে। চট্টগ্রামের
অনেক ছাত্র নেতা বর্তমানে ঢাকা
অবস্থান করে চট্টগ্রামের বিভিন্ন ম
ও নেতাদের কেন্দ্রীয় পর্যায়ে লবি
শুরু করে দিয়েছে। এদিকে নগর
ছাত্রদল নেতৃত্বে অপেক্ষাকৃত তরু
এবং প্রকৃত ছাত্রদের আনার ব্যাপা
বিএনপি নেতৃবৃন্দ ইতিমধ্যে ইঙ্গি
দিয়েছে।